# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/৩৩৩২৫১১৬৫৩৩১/ঝিনাইদহ-১৭/২৫৯

তারিখ: ১৭ কার্তিক ১৪৩২ / ০২ নভেম্বর ২০২৫

বিষয় : অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে ঝিনাইদহ জেলার সদর উপজেলাধীন হলিধানী আলিম মাদ্রাসার প্রস্তাবিত গভার্নিং বডি গঠনে অনিয়ম হয়েছে মর্মে জনাব মোঃ সায়ফুল হক অভিযোগ দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে নির্বাচনে দায়িত্বপ্রাপ্ত প্রিজাইডিং অফিসার ব্যতিরেকে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০১ (এক) পাতা।

০২.১১.২৫
প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmcb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
সদর, ঝিনাইদহ।

নং-বামাশিবো/প্রশা/৩৩৩২৫১১৬৫৩৩১/ঝিনাইদহ-১৭/

তারিখ: ১৭ কার্তিক ১৪৩২ / ০২ নভেম্বর ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, ঝিনাইদহ;
২. জেলা শিক্ষা অফিসার, ঝিনাইদহ;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, ঝিনাইদহ;
৪. সভাপতি, হলিধানী আলিম মাদ্রাসা, ডাকঘর-হলিধানী, থানা-সদর, ঝিনাইদহ;
৫. অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ, হলিধানী আলিম মাদ্রাসা, ডাকঘর-হলিধানী, থানা-সদর, ঝিনাইদহ;
৬. জনাব মোঃ সায়ফুল হক, (অভিযোগকারী), সাং-৬৬১/১, রেল গেইট বাজারগলি, শান্তিনগর, রমনা, ঢাকা;
৭. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।

০২.১১.২৫
মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmcb.gov.bd

তারিখঃ ২৫ সেপ্টেম্বর ২০২৫

বরাবর,
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

**<u>বিষয় ঃ নিয়মিত কমিটি গঠনে অনিয়ম প্রসঙ্গে</u>**

জনাব,

যথাযত সম্মান প্রদর্শন পুর্বক,বিনীত আরজ, আমি নিম্ন স্বাক্ষরকারী ঝিনাইদহ জেলা ও থানাধীন হলিধানী আলিম মাদ্রাসা কোডঃ ১৬০৫২ ইআইএন নম্বও ১১৬৫৩৩ এর আপনার নিয়োগকৃত এডহক কমিটির সভাপতি।

ভোটার তালিকা প্রনয়ন,নিয়মিত কমিটি গঠন এর প্রক্রিয়াসম্পন্ন করার জন্য রেজুলেশন করে আমি অধ্যক্ষ মহোদয়কে দায়িত্ব প্রদান করি। পরবর্তীতে উক্ত রেজুলেশনের দোহাই দিয়ে মাদ্রাসা অধ্যক্ষ শিক্ষক প্রতিনিধি মনোনয়ন ও অভিভাবক সদস্য মনোনয়নের কার্যক্রম আমাকে কোনপ্রকার অবহিত না করে অত্যান্ত দ্রুততার সাথে সংক্ষিপ্ত সময়ে সম্পন্ন করে।

বিভিন্ন মাধ্যমে আমি তা অবগত হয়ে তার নিকট কারন জানতে চাইলে তিনি বলেন,ডিসি সাহেবের আদেশে প্রিজাইডিং অফিসার তফসিল ঘোষনা করেছেন এবং এটি সভাপতি সাহেবের জানানোর প্রয়োজন নেই।

এ ক্ষেত্রে সার্বিক প্রক্রিয়ার নিম্নোক্ত ব্যাত্যায় ঘটেছে বলে প্রতীযমান হয়।

১। তড়িঘড়ি করে,অত্যান্ত দ্রুততার সাথে তফসিল ঘোষনা এবং কম সময় প্রদান।
২। ২১ সেপ্টেম্বর নোটিশ প্রদান ও ২৩ সেপ্টেম্বর এর মধ্যে শেষ তারিখ ঘোষনা ও সম্পন্ন করা।
৩। কম সংখ্যক মাত্র ১১ জন অভিভাবকের অংশগ্রহণ।
৪। কয়েকজন কে সাক্ষী রাখার জন্য নামমাত্র কম সময় ও ছোট পরিসরে প্রচার করায় বেশীরভাগ অভিভাবক মাইকিং সম্পর্কে অবহিত নয়।
৫। কার্যক্রমকে বৈধতা দেয়ার অভিপ্রায়ে,অখ্যাত ও কম প্রচার হয় এমন স্থানীয় দৈনিকে সার্কুলার করা।
৬। মহিলা শিক্ষিকা নির্বাচনে প্রভাব ও পছন্দ কে প্রাধান্য দিয়ে চাপ প্রয়োগ করা এবং শিক্ষকদের সম্মিলিত সর্বাধিক ভোটপ্রাপ্তকে বাদ দেয়ার প্রচেস্টা করা।

অতএব,নিয়মিত কমিটি গঠনে স্বচ্ছতা ও নিরপেক্ষতা নিশ্চিৎকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে জনাবের প্রয়োজনীয় হস্তক্ষেপ কামনা করছি।

নিবেদক,

মোঃ সায়ফুল হক
সভাপতি
এডহক কমিটি
হলিধানী আলিম মাদ্রাসা
ঝিনাইদহ